

☰ মুহাম্মাদ | Muhammad | مُحَمَّدٌ

আয়াতঃ ৪৭ : ১১

📖 আরবি মূল আয়াত:

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ مَوْلٰى الَّذِيْنَ اٰمَنُوْا وَّ اَنَّ الْكٰفِرِيْنَ لَا مَوْلٰى لَهُمْ ﴿١١﴾

A 📖 অনুবাদসমূহ:

তা এজন্য যে, নিশ্চয় আল্লাহ মুমিনদের অভিভাবক। আর নিশ্চয় কাফিরদের কোন অভিভাবক নেই। — আল-বায়ান
এর কারণ এই যে, যারা ঈমান আনে আল্লাহ তাদের অভিভাবক আর কাফিরদের কোন অভিভাবক নেই। —
তাইসিরুল

এটা এ জন্য যে, আল্লাহ মুমিনদের অভিভাবক এবং কাফিরদের কোন অভিভাবক নেই। — মুজিবুর রহমান

That is because Allah is the protector of those who have believed and because the disbelievers have no protector. — Sahih International

১১. এটা এজন্যে যে, নিশ্চয় আল্লাহ মুমিনদের অভিভাবক এবং নিশ্চয় কাফিরদের কোন অভিভাবক নেই।(১)

(১) مولى শব্দটি অনেক অর্থে ব্যবহৃত হয়। এর অর্থ অভিভাবক। [মুয়াসসার, বাগতী] এখানে এই অর্থই বোঝানো হয়েছে। এর আরেক অর্থ মালিক। কুরআনের অন্যত্র কাফেরদের সম্পর্কে বলা হয়েছে: ثُمَّ رُدُّوْا اِلَى اللّٰهِ مَوْلٰٓهُمُ: (তুমি তাদেরকে (কাফেরদের) তাদের মাওলার কাছে ফিরিয়ে দেয়া হয়েছে। [সূরা আল-আন'আম: ৬২])

তাফসীরে জাকারিয়া

(১১) এটা এ জন্য যে, আল্লাহ বিশ্বাসীদের অভিভাবক এবং অবিশ্বাসীদের কোন অভিভাবক নেই। [1]

[1] তাই উহুদ যুদ্ধে কাফেরদের শ্লোগানের উত্তরে মুসলিমরা যে শ্লোগান বলেছিলেন তা আয়াতের বাস্তব রূপ। যেমন কাফেররা বলেছিল, اَعْلُوْا هُبُلًا، اَعْلُوْا هُبُلًا (হবালের নাম উচ্চ হোক)। এর উত্তরে মুসলিমগণ বলেছিলেন، اللّٰهُ لَنَا الْعَزْمٰى وَلَا عَزْمٌ لِّكُمُّ، (আল্লাহই সর্বোচ্চ ও সর্বমহান)। কাফেরদের আরো একটি শ্লোগান ছিল، اَعْلُوْا اَعْلٰى وَاَجَلُّ (আমাদের উয়্যা আছে, তোমাদের উয়্যা নেই)। উত্তরে মুসলিমগণ বলেছিলেন، اللّٰهُ مَوْلَانَا وَلَا مَوْلٰى لَكُمْ (আল্লাহ আমাদের সাহায্যকারী, তোমাদের কোন সাহায্যকারী নেই)। (বুখারী)

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন